

সুনান আবু দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৭৩৮

৩৬/ আদব (كتاب الأدب)

পরিচ্ছেদঃ ১২. ভাল কাজে শোকর আদায় করা সম্পর্কে।

باب فِي شُكْرِ الْمَعْرُوفِ

আরবী

حَدَّثَنَا مُسَدَّدٌ، حَدَّثَنَا بِشْرٌ، حَدَّثَنَا عُمَارَةُ بْنُ غَزِيَّةَ، قَالَ حَدَّثَنِي رَجُلٌ، مِنْ قَوْمِي عَنْ جَابِرِ بْنِ عَبْدِ اللَّهِ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ " مَنْ أُعْطِيَ عَطَاءً فَوَجَدَ فَلْيَجْزِ بِهِ فَإِنْ لَمْ يَجِدْ فَلْيُثْنِ بِهِ فَمَنْ أَثْنَى بِهِ فَقَدْ شَكَرَهُ وَمَنْ كَتَمَهُ فَقَدْ كَفَرَهُ " . قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ يَحْيَى بْنُ أَيُّوبَ عَنْ عُمَارَةَ بْنِ غَزِيَّةَ عَنْ شَرْحَبِيلَ عَنْ جَابِرٍ .

বাংলা

৪৭৩৮. মুসাদ্দাদ (রহঃ) জাবির ইবন আবদুল্লাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন কাউকে কিছু দেয়া হয়, আর সে তার বিনিময় দানে সক্ষম, তখন তার উচিত তার বিনিময় দেয়া। আর যদি তার বিনিময় দানের ক্ষমতা না থাকে, তখন তার উচিত দাতার প্রশংসা করা। আর যে ব্যক্তি দাতার প্রশংসা করে, সে যেন তার শোকর আদায় করলো। আর যে ব্যক্তি কারো অনুগ্রহকে গোপন রাখে, সে যেন তার না-শোকরী করলো।

English

Narrated Jabir ibn Abdullah:

The Prophet (ﷺ) said: If someone is given something, he should give a return for it provided he can afford; if he cannot afford, he should praise him. He who praises him for it, thanks him, and he who conceals it is ungrateful to him.

Abu Dawud said: It has been transmitted by Yahya b. Ayyub, from `Umarah b. Ghaziyyah, from Sharahbil on the authority of Jabir.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ জাবির ইবনু আবদুল্লাহ আনসারী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=36844>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন